



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল পৌর কর্পোরেশনগুলিকে ঘৃণার প্রতীক বিক্রি বা প্রদর্শন করা থেকে নিষিদ্ধ করে আইনে স্বাক্ষর করেছেন

আইন (S.4615-A/A.5402-A) দমকলের জেলা, স্ব্বেচ্ছাসেবক দমকলের বিভাগ, পুলিশ বিভাগ এবং স্কুল জেলাগুলিকে ঘৃণার প্রতীক বিক্রি বা প্রদর্শন করা থেকে নিষিদ্ধ করে

গভর্নর ক্যাথি হোচুল আজ আইন (S.4615-A/A.5402-A) স্বাক্ষর করেছেন সাধারণ পৌরসভার আইন সংশোধন করে যা কোনো পৌর কর্পোরেশন যেমন দমকলের জেলা, স্ব্বেচ্ছাসেবক দমকলের বিভাগ, পুলিশ বিভাগ এবং স্কুল জেলাগুলিকে ঘৃণার প্রতীক বিক্রি বা প্রদর্শন করা থেকে নিষিদ্ধ করে।

"নিউ ইয়র্কে বর্ণবাদী, হোমোফোবিক এবং ঘৃণ্য আচরণের সাম্প্রতিক এবং জঘন্য বৃদ্ধি কখনই সহ্য করা হবে না।" **গভর্নর হোচুল বলেছেন।** "ঘৃণার প্রতীকগুলি অজ্ঞতা ছড়ানো এবং সহিংসতাকে উস্কে দেওয়া ছাড়া আর কোনো কাজে লাগে না। নিউ ইয়র্কবাসী হিসাবে, আমাদের অবশ্যই ঐক্যবদ্ধ থাকতে হবে এবং এই মনোভাবকে নির্মূল করার জন্য সক্রিয়ভাবে লড়াই করতে হবে, এবং এই আইন সেই প্রচেষ্টাগুলিকে শক্তিশালী করে। ঘৃণার একটি প্রতীক প্রদর্শনে থাকার কোন কারণ নেই, বিশেষ করে তাদের সম্প্রদায়কে রক্ষা করার জন্য দায়ভারপ্রাপ্ত পুলিশ বা দমকলের বিভাগের দ্বারা। এই আইনটি এখন স্বাক্ষরিত হওয়ার সাথে সাথে, আমরা কেবল এই নিন্দনীয় আচরণকে দূর করছি তাই নয়, বরং এটিও নিশ্চিত করছি যে প্রতিটি নিউ ইয়র্কবাসী, তাদের পশ্চাদপট বা পরিচয় নির্বিশেষে, তাদের সম্প্রদায়ে স্বাগত বোধ করেন।"

গত বছর লং আইল্যান্ডে এক জোড়া ঘটনার পর এই আইনটি চালু করা হয়েছিল - একটি যেখানে প্যারেড চলাকালীন একটি ফায়ারট্রাকে একটি কনফেডারেট পতাকা প্রদর্শিত হয়েছিল, এবং দুই, যখন এটি আবিষ্কৃত হয়েছিল যে নাসাউ কাউন্টির একটি অগ্নিনির্বাপক বিভাগ একটি কনফেডারেট পতাকা প্রদর্শন করেছিল তাদের জানালায়। আইনটি 2020 সালে স্বাক্ষরিত আইনের নকশায় তৈরি এবং অনুরূপ আইন প্রসারিত করে যা রাজ্যের সম্পত্তিতে ঘৃণার প্রতীক বা যে কোন অনুরূপ ছবি প্রদর্শন করা নিষিদ্ধ করেছিল। 'প্রতীক' শব্দটিতে শ্বেতাঙ্গ আধিপত্য, নব্য-নাৎসি মতাদর্শ, বা কনফেডারেট যুদ্ধের পতাকা অন্তর্ভুক্ত, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়।

সিনেটর আনা কাপলান বলেছেন, "বিশ্ব জুড়ে এবং আমাদের নিজস্ব সম্প্রদায়গুলির মধ্যে ঘৃণার বৃদ্ধির সাথে সাথে, এটি আগের চেয়ে আরও বেশি জরুরি যে আমরা যেখানেই এটি খুঁজে পাই সেখানেই এটি নির্মূল করার জন্য যেন পদক্ষেপ নিই আপনি মনে করবেন এটা সাধারণ

জ্ঞানের বিষয় যে করদাতার মালিকানাধীন সম্পত্তি ঘৃণার জন্য একটি প্ল্যাটফর্ম হিসাবে ব্যবহার করা যাবে না, কিন্তু আশ্চর্যজনকভাবে এমন কোন আইন ছিল না, অন্তত এখন পর্যন্ত। সর্বজনীন সম্পত্তি আমাদের সকলের, এবং আমাদের সর্বজনীন সম্পত্তি যাতে ঘৃণা ছড়ানোর জন্য ব্যবহার করা না হয় তা নিশ্চিত করার জন্য এই ব্যবস্থাটি গুরুত্বপূর্ণ। আমি গভর্নর ক্যাথি হোচুলের কাছে কৃতজ্ঞ এই ব্যবস্থাটি আইনে স্বাক্ষর করার জন্য এবং যে আমাদের রাজ্যে ঘৃণার কোনও স্থান নেই তা নিশ্চিত করতে তার নেতৃত্বের জন্য। আমি এই ব্যবস্থায় এবং আমাদের সম্প্রদায়কে ঘৃণা থেকে নিরাপদ রাখার জন্যও অন্যান্য ব্যবস্থার ক্ষেত্রে অ্যাসেম্বলি সদস্য মাইকেল সোলেজেসের সাথে আমার অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলেজেস বলেছেন, "উচ্চ মেরুकरणের এই সময়ে, সর্বজনীন মালিকানাধীন সত্ত্বাগুলিকে অবশ্যই তাদের নিরপেক্ষতা বজায় রাখতে হবে এবং নিশ্চিত করতে হবে যে তাদের কর্মক্ষেত্রগুলি পৌর কর্মীদের এবং করদাতাদের জন্য যেন একইভাবে অরাজনৈতিক পরিবেশ থাকে। আমাদের রাজ্য বিশ্বের সবচেয়ে বৈচিত্র্যময় জনসংখ্যার একটি আবাসস্থল, এবং কোন নিউ ইয়র্কবাসীকে তাদের স্থানীয় সরকারী সংস্থাগুলির সাথে সম্পৃক্ততার সময় ঘৃণার প্রতীকগুলির সাথে সম্মুখীন হওয়া উচিত নয়। এই ভালো সরকারি পদক্ষেপে সিনেটর আনা কাপলানের সাথে এক সাথে কাজ করতে পেরে আমি গর্বিত, এবং আমাদের বিলকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418